একই নম্বর ও স্মারকে স্থলাভিষিক্ত হবে

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৪৩১

তারিখ: ০৯ পৌষ ১৪৩২
২৪ ডিসেম্বর ২০২৫

## ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ এ কারা/আইনি হেফাজতে অন্তরীণ ভোটারগণের ভোট দানের জন্য নির্দেশিকা

নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ (সংশোধন ২০২৫) এর বিধি ১০ক এর আলোকে বাংলাদেশের কোন জেলখানায় বা আইনি হেফাজতে আটক থাকা কোন ব্যক্তি পোস্টাল ব্যালটে নির্ধারিত পদ্ধতিতে, যা In Country Postal Voting (ICPV) নামে অভিহিত, ভোট প্রদান করতে পারবেন। এক্ষেত্রে, জেলখানায় বা আইনি হেফাজতে আটক ভোটারের তালিকাভুক্তি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে কারা অন্তরীণ/আইনি হেফাজতে থাকা ভোটারগণের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ এ ভোটদানের জন্য নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবেন:

(ক) কারা/আইনি হেফাজত কর্তৃপক্ষের অধীনে অন্তরীণ ভোটারগণের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ০২ (দুই) জন করে ব্যক্তিকে মনোনীত করবেন, যার মধ্যে একজন সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ বা তার কর্তৃক মনোনীত কর্মকর্তা এবং অপর একজন অপারেটর হিসেবে নিবন্ধন প্রক্রিয়া সম্পাদন করবেন। প্রতি জেলখানার অনুকূলে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত ডিজিটাল প্ল্যাটফর্ম (https://prisoner.ocv.gov.bd/login) -এ ০২ (দুই) টি ইউজার অ্যাকাউন্ট দেয়া হবে যার মাধ্যমে সংশ্লিষ্ট জেলখানায় অন্তরীণ ভোটারদের নিবন্ধন সম্পন্ন করতে হবে।

(খ) কারা/আইনি হেফাজত কর্তৃপক্ষ পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরীণ ভোটারগণের তালিকার প্রিন্টেড বা মুদ্রিত কপি সীল ও যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরসহ বাংলাদেশ নির্বাচন কমিশনের যুগ্মসচিব, নির্বাচন ব্যবস্থাপনা অনুবিভাগ-১ এ প্রেরণ করবেন; এবং

(গ) কারা/আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় তালিকা অনুযায়ী পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরীণ ভোটারগণের ডিজিটাল প্লাটফর্মে নিবন্ধন প্রক্রিয়া উপ অনুচ্ছেদ (ক) তে উল্লিখিত মনোনীত ব্যক্তি সম্পন্ন করবেন। এ লক্ষ্যে, পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক সকল কারা অন্তরীণ ভোটারগণের নিবন্ধন এর জন্য সংলগ্নি 'ক' অনুযায়ী তথ্য .xls /.csv ফরম্যাট এ কমিশন প্রদত্ত প্ল্যাটফর্মে আপলোড করবেন।

২। কারা/আইনি হেফাজতে অন্তরীণ নিবন্ধিত ভোটারগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে পোস্টাল ব্যালটের খাম পাবেন। ভোটারগণ নির্বাচন কমিশন হতে প্রাপ্ত বহির্গামী খামে (ফরম-৯ক) নিম্ন বর্ণিত উপকরণ পাবেন।

- একটি পোস্টাল ব্যালট সম্বলিত খাম (ফরম-১০ক)-

  (ক) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পোস্টাল ব্যালট পেপার (ফরম-৭) ও

  (খ) গণভোট, ২০২৬ এর পোস্টাল ব্যালট পেপার (ফরম-২);

- একটি কাগজ যার এক পৃষ্ঠায় ভোট প্রদানের নির্দেশাবলী (ফরম-১১) এবং অপর পৃষ্ঠায় ঘোষণাপত্র (ফরম-৮) মুদ্রিত থাকবে; এবং
- সংশ্লিষ্ট আসনের রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত একটি ফেরত খাম (ফরম-১০খ)।

প্রত্যেক ব্যালট পেপারে একটি স্বতন্ত্র শনাক্তকারী (unique identifier) নম্বর থাকবে। ভোটারদের খামসমূহের (বহির্গামী বা ফেরত খাম) QR কোড স্ক্যান সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ব্যক্তি সম্পন্ন করবেন।

৩।  কারা/আইনি হেফাজতে অন্তরীণ নিবন্ধিত ভোটারগণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ভোট প্রদানের জন্য নির্ধারিত স্থানে তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। যথাযথভাবে ভোট প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট ভোটারকে কারা/আইনী হেফাজত কর্তৃপক্ষ ভোটারের নিজ নিজ আসনের প্রার্থীদের নাম-প্রতীক সম্বলিত চূড়ান্ত প্রার্থী তালিকার কপি মূদ্রণ করে সরবরাহ করবেন। এক্ষেত্রে, ভোটের গোপনীয়তা রক্ষার্থে তাদের ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় ভোটকক্ষ/গোপনকক্ষ প্রস্তুত করে ভোট প্রদানের উপযুক্ত পরিবেশ নিশ্চিত করবেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রেরিত পোস্টাল ব্যালট পেপারে সকল প্রতীক মুদ্রিত থাকবে, যার প্রতিটি প্রতীকের পাশে ফাকা ঘর/চেক বক্স মুদ্রিত থাকবে; কোনো প্রার্থীর নাম মুদ্রিত থাকবে না।

ভোট প্রদানের জন্য নির্দেশিকাতে প্রদত্ত পদ্ধতিতে-

জাতীয় সংসদ নির্বাচন ব্যালট পেপারে (ফরম-৭) মুদ্রিত প্রতীকের পাশে ফাঁকা ঘরে (√) চিহ্ন কিংবা ক্রস (×) চিহ্ন , যেকোন একটি প্রদান করবেন।

একইভাবে গণভোটের ব্যালট পেপার এর হ্যাঁ/না এর পাশে ফাকা ঘর/বক্স এ টিক (√) চিহ্ন কিংবা ক্রস (×) চিহ্ন, যে কোনো একটি প্রদান করবেন।

ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারগণ নির্দেশনাপত্র ও ঘোষণাপত্রটি পড়ে ঘোষণাপত্রে ভোটারের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করে স্বাক্ষর করবেন। যদি ভোটার স্বাক্ষরদানে অক্ষম হয়ে থাকেন তবে উক্ত ঘোষণাপত্রটি (ফরম-৮) অন্য একজন ভোটার কর্তৃক সত্যায়ন করতে হবে।

৪।  ভোটার পোস্টাল ব্যালট পেপারে ভোট চিহ্নিত করার পর শুধুমাত্র ব্যালট পেপার দুটি ছোট খামে (ফরম-১০ক) রেখে খামটি বন্ধ করবেন। অতঃপর উক্ত ব্যালট পেপার সম্বলিত খামটি এবং স্বাক্ষরিত ঘোষণপত্রটি রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত হলুদ খামে (ফরম-১০খ) প্রবেশ করিয়ে তা বন্ধ করে বন্ধকৃত খামটি সংশ্লিষ্ট জেলখানা/আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে/বাক্সে জমা করবেন। উভয় খামই সেলফ এডহেসিভযুক্ত থাকবে ফলে সেলফ এডহেসিভ অংশের উপরিভাগের টেপটি খুলে নিলেই খাম বন্ধ হবে। এছাড়া, উক্ত খামটি পাঠানোর জন্য কোন ডাক মাশুল প্রদান করতে হবেনা। এটি বাংলাদেশ সরকার কর্তৃক পরিশোধিত থাকবে।

৫।  ভোট প্রদান প্রক্রিয়া সমাপ্তির পর সংশ্লিষ্ট কারা/আইনী হেফাজত কর্তৃপক্ষ পোস্টাল ব্যালটের সকল খাম সুরক্ষিত ভাবে সংরক্ষণ করবেন এবং যতদ্রুত সম্ভব পোস্টাল ব্যালট সম্বলিত সকল খামসমূহ উক্ত এলাকার ডাক বিভাগের নিকট প্রেরণ/হস্তান্তর করবেন। উক্ত এলাকার ডাক বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধি কারা/আইনী হেফাজত কর্তৃপক্ষ হতে প্রাপ্ত পোস্টাল ব্যালট সম্বলিত খামসমূহ দ্রুততার সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের ঠিকানায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

২৪.১২.২৫

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫-৩১

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা

৩. সিনিয়র সচিব, ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, আপন বিভাগ/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৭. সচিব, ............................................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৯. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
১০. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার ও রিটার্নিং অফিসার, ঢাকা/চট্টগ্রাম
১৩. বিভাগীয় কমিশনার (সকল)
১৪. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১৫. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১৬. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
২০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)
২১. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার
২২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
২৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
২৪. পুলিশ সুপার, (সকল)
২৫. উপসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
২৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, (সকল)
২৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার অনুরোধসহ]
২৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
২৯. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
৩০. ...................................................... সহকারী রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)
৩১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সকল)
৩২. জেলা তথ্য অফিসার, (সকল)
৩৩. উপজেলা নির্বাহী অফিসার, (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৮. উপজেলা/থানা নির্বাচন অফিসার,......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩৯. উপজেলা/থানা নির্বাচন অফিসার (সকল)
৪০. অফিসার ইন-চার্জ, (সকল)

২৪/১২/২০২৫
(মোঃ শহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com